
**নির্দেশনামূলক/শিক্ষণ উদ্দেশ্যের অর্থ ও গুরুত্ব (Meaning and Importance of Instructional/Teaching Objectives) ঃ**— একথা অনস্বীকার্য যে প্রতিটি শিক্ষামূলক প্রচেষ্টার শুরুতে একটি শিক্ষাগত উদ্দেশ্য থাকতেই হবে। কেন শিক্ষা দেব – এ প্রশ্নের উত্তরের উপর শিক্ষামূলক সংগঠন বা কাঠামোটি দাঁড়িয়ে আছে। এরপরই প্রশ্ন উঠবে যে কেমন করে শিক্ষা দেব ? তখনই আসছে নির্দেশদানের বা শিক্ষাদানের অর্থাৎ শিক্ষণের ব্যাপারটি। সুতরাং প্রতিটি শিক্ষামূলক প্রয়াসের সঙ্গে একটি নির্দেশনামূলক উদ্দেশ্য নিহিত আছে। শিক্ষামূলক উদ্দেশ্য বলতে আমরা বুঝি শিক্ষামূলক প্রয়াসের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে আচরণের বাঞ্ছনীয় পরিবর্তন আনয়ন করা। শিক্ষার উদ্দেশ্য আবার কোন একটি দেশ বা জাতির জীবনদর্শনের উপর ভিত্তি করে স্থির করা হয়। উদাহরণস্বরূপ বলা যায়, ভারতবর্ষে শিক্ষার লক্ষ্য নির্ধারিত করা হয়েছে গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সামাজিকীকরণের নীতির উপর ভিত্তি করে। শিক্ষার উদ্দেশ্যই শিক্ষামূলক প্রয়াসকে একটা দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করে তাকে এগিয়ে যেতে সাহায্য করে। আবার এই উদ্দেশ্যই পাঠক্রম রচনা এবং সাধারণভাবে শিক্ষার্থীদের কি কি কাজ করতে হবে বা কোন্ জাতীয় আচরণ সম্পাদন করতে হবে তারই নির্দেশমূলক নীতি

Scanned with CamScanner

(*guideline*) হিসাবে কাজ করে। শিক্ষার উদ্দেশ্য এবং দেশের বা জাতির জীবনদর্শন অঙ্গাঙ্গীভাবে জড়িত।

এই উদ্দেশ্যের কয়েকটি সুনির্দিষ্ট স্তর বা সোপানের কথা উল্লেখ করা যেতে পারে। এগুলি আবার ক্রমপর্যায়ে সুবিন্যস্ত এবং সম্পর্কযুক্ত। একটি রেখাচিত্রের মাধ্যমে স্তরগুলি উল্লেখ করা যাক —




**শিক্ষামূলক উদ্দেশ্যের স্তর বা সোপানসমূহ**

N.C.E.R.T. 1989 সালে উদ্দেশ্যমূলক নির্দেশদানের যে তালিকা প্রস্তুত করেছেন তার একটি চিত্ররূপ এখানে দেওয়া হল।

নির্দেশনামূলক উদ্দেশ্য হল কতকগুলি বিবৃতি যেগুলি 'বিশেষভাবে' এবং 'পরিমাপযোগ্য'ভাবে শিক্ষার্থীর মনোভাব জানতে পারবে, তা কতটা বিকশিত বা উন্নত হয়েছে তা জানাবে এবং একটি বিশেষ শিক্ষামূলক পদ্ধতি অনুসরণ করার ফলে শিক্ষার্থীদের জ্ঞানমূলক ও মানস-দৈহিক (psycho-motor) দক্ষতা কতটা প্রদর্শিত হতে পারে তা জানাতে পারবে। নির্দেশনামূলক উদ্দেশ্যকে বলা যেতে পারে সূচনা বা প্রারম্ভিক প্রক্রিয়া যার উপর ভিত্তি করে সমস্ত শিখন-অভিজ্ঞতা দাঁড়িয়ে আছে এবং এই অভিজ্ঞতাগুলি আবার মূল্যায়নের উপাদান হয়ে দাঁড়ায়। শিক্ষার উদ্দেশ্যকে যদি 'সামগ্রিক' (whole) বলা হয়, তাহলে নির্দেশনামূলক উদ্দেশ্য হল একটি 'অংশ' (Part) মাত্র।

Scanned with CamScanner


সুতরাং শিক্ষামূলক উদ্দেশ্য হল ব্যাপকধর্মী এবং স্কুল-কলেজের শিক্ষাব্যবস্থার সঙ্গে সম্পর্কযুক্ত। নির্দেশনামূলক উদ্দেশ্য অপেক্ষাকৃত সঙ্কীর্ণ প্রকৃতির। শিক্ষামূলক উদ্দেশ্যের মধ্যে একাধিক নির্দেশনামূলক উদ্দেশ্য নিহিত থাকে এবং এই উদ্দেশ্যগুলি আচরণধারার মধ্য দিয়ে অর্জিত হতে পারে। এগুলি শিক্ষার ফললাভ বা শিক্ষার্থীর আচরণের পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত।

এখন শিক্ষামূলক উদ্দেশ্য ও নির্দেশনামূলক উদ্দেশ্যের একটা তুলনামূলক বিচার করা যাক —

**শিক্ষামূলক উদ্দেশ্য ও নির্দেশনামূলক/শিক্ষণ উদ্দেশ্যের তুলনামূলক আলোচনা (Comparative Study of Educational Objectives and Instructional/ Teaching Objectives) ঃ—**

| শিক্ষামূলক উদ্দেশ্য | নির্দেশনামূলক/শিক্ষণ উদ্দেশ্য |
|---|---|
| (১) দর্শনশাস্ত্র দ্বারা নির্ধারিত। | (১) মনোবিজ্ঞান দ্বারা নির্ধারিত। |
| (২) অপেক্ষাকৃত ব্যাপক আকারের। | (২) অত্যন্ত সুনির্দিষ্ট বলে আকার আপেক্ষিকভাবে ক্ষুদ্র। |
| (৩) সমস্ত স্কুলপাঠ্য বিষয়ের একটি সাধারণ শিক্ষামূলক উদ্দেশ্য থাকতে পারে। | (৩) প্রতিটি স্কুলপাঠ্য বিষয়ের সুনির্দিষ্ট শিক্ষণ বা নির্দেশনামূলক উদ্দেশ্য থাকে। |
| (৪) নির্দেশনামূলক উদ্দেশ্যগুলি শিক্ষামূলক উদ্দেশ্যেরই অংশ বা অঙ্গ। | (৪) নির্দেশনামূলক উদ্দেশ্যগুলি পৃথক কিন্তু এগুলির সমষ্টিগত রূপই হল শিক্ষামূলক উদ্দেশ্য। |
| (৫) শিক্ষামূলক উদ্দেশ্যের দৃষ্টান্ত হল — চরিত্রের বিকাশ, প্রাক্ষোভিক ও জাতীয় সংহতি এবং গণতান্ত্রিক মূল্যবোধ ও ধর্মনিরপেক্ষতা সম্বন্ধে শিক্ষার্থীদের মধ্যে সুনির্দিষ্ট ও সুস্পষ্ট ধারণা সৃষ্টি করা। | (৫) এই জাতীয় নির্দেশনার দৃষ্টান্ত হল — চরিত্রের গুণাবলী, সুচরিত্র বিশিষ্ট ব্যক্তির আচরণধারা লক্ষ্য করা ; তাঁর চারিত্রিক বৈশিষ্ট্য বা গুণাবলী, তিনি বিভিন্ন পরিবেশে কিভাবে প্রতিক্রিয়া করেন তা লক্ষ্য করা, তাঁর সততা, সত্যবাদিতা ইত্যাদি গুণ লক্ষ্য করা প্রভৃতি। |

Scanned with CamScanner




**NCERT কর্তৃক নির্ধারিত স্কুলপাঠ্য বিষয়ের নির্দেশনামূলক উদ্দেশ্য**

Scanned with CamScanner